

কালের কণ্ঠ

<http://www.kalerkantho.com/print-edition/priyo-desh/2018/06/08/645567>

ঈদের আগে বেতন-বোনাসের দাবিতে মানববন্ধন নারায়ণগঞ্জে

নারায়ণগঞ্জ প্রতিনিধি

৮ জুন, ২০১৮ ০০:০০



ঈদের আগে শ্রমিকদের বেতন ও পূর্ণ বোনাস পরিশোধের দাবিতে নারায়ণগঞ্জ জেলা শ্রমিক কর্মচারী সংগ্রাম পরিষদ গতকাল সকালে প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করে। ছবি : কালের কণ্ঠ

নারায়ণগঞ্জে ঈদের আগে শ্রমিকদের বেতন ও পূর্ণ বোনাস পরিশোধের দাবিতে মানববন্ধন করেছে জেলা শ্রমিক-কর্মচারী সংগ্রাম পরিষদ। গতকাল বৃহস্পতিবার সকালে নারায়ণগঞ্জ প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করে তারা।

এ সময় বক্তারা বলেন, বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে কর্মকর্তা-কর্মচারীদের দুই ঈদে বেসিক বেতনের সমান বোনাস দেওয়ার রেওয়াজ থাকলেও সরকার শ্রম আইনে বোনাসের বিষয় উল্লেখ না করে শ্রমিকদের বঞ্চিত করার সুযোগ তৈরি করে দিয়েছে। কিন্তু উৎসব বোনাস কোনো দয়া নয়, এটা শ্রমিকের অধিকার।

অবিলম্বে শ্রমিকদের প্রাপ্য বেতন-বোনাস পরিশোধের আহ্বান জানিয়ে বক্তারা বলেন, বেতন-বোনাস নিয়ে টালবাহানা করলে উদ্ভূত পরিস্থিতির দায় মালিক ও প্রশাসনকে বহন করতে হবে।

পরিষদের সমন্বয়ক ও বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্রের জেলা সভাপতি হাফিজুল ইসলামের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য দেন জাতীয় শ্রমিক ফেডারেশনের কেন্দ্রীয় কমিটির সহসভাপতি হিমাংশু সাহা, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের জেলা সভাপতি আবু নাঈম খান বিপ্লব প্রমুখ।